

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩০
০৮ জুন ২০২৩

নম্বর: ৮৬.০০.০০০০.০৭০.০২.০০৫.২১-৬০৭

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: চলতি ২০২২-২৩ অর্থ বছরের বাজেটের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ‘সিটি কর্পোরেশনের জন্য উন্নয়ন সহায়তা’ খাতের (কোড নং-২২১০০০৮০০) ‘মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী’ উপ-খাত হতে কুমিল্লা সিটি কর্পোরেশনের অনুকূলে এককালীন অর্থ অবমুক্তি।


চলতি ২০২২-২৩ অর্থ বছরের বাজেটের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ‘সিটি কর্পোরেশনের জন্য উন্নয়ন সহায়তা’ খাতের (কোড নং-২২১০০০৮০০) বরাদ্দকৃত অর্থের অনুমোদিত বিভাজন অনুযায়ী ‘মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী’ উপ-খাত (অর্থনৈতিক কোড নং-৪১১১৩১৭) হতে কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় পুলিশ লাইন্স এর অভ্যন্তরে আরসিসি ড্রেন, হাউজিং এস্টেট এ অবস্থিত পুলিশ ফাঁড়ি মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং অতিরিক্ত পুলিশ সুপার, সদর সার্কেল অফিস ও বাসভবনের ফুটপাত নির্মাণ ও সৌন্দর্যবর্ধন কার্যক্রম বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী’র নির্দেশনা অনুযায়ী কুমিল্লা সিটি কর্পোরেশনের অনুকূলে এককালীন ১৩২.০০ লক্ষ (এক কোটি বিশ্রিত লক্ষ) টাকা নিম্নোক্ত শর্তে অবমুক্তিতে সরকারি মঙ্গুরি জ্ঞাপন করছি।

২। এ ব্যয় চলতি ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন বাজেটের মঙ্গুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০৮০০ ‘সিটি কর্পোরেশনের জন্য উন্নয়ন সহায়তা’ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ০৮ আগস্ট ২০২২ তারিখে ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-৩৫৭, ২৩ নভেম্বর ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-৪৫০, ১৮ জানুয়ারি ২০২৩ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-১৮ এবং ১৩ এপ্রিল ২০২৩ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-১৬২ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ও নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮(সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
২. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবে; এবং
৩. অব্যায়িত অর্থ ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এ অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা মঙ্গুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ে কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করবেন।


(মোহাম্মদ শামতুল ইসলাম)
উপসচিব

ফোন: ০২-২২৩৩০৫৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৮২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

নম্বর: ৮৬.০০.০০০০.০৭০.০২.০০৫.২১-৬০৭/১(১০)

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩০
০৮ জুন ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দ্র. আ. উপসচিব (বাজেট-১১ শাখা)]।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক (পরিকল্পনা, পরিবীক্ষণ, মূল্যায়ন ও পরিদর্শন), স্থানীয় সরকার বিভাগ।
৫. মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা।
৭. পুলিশ সুপার, কুমিল্লা।
৮. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-জিওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল।
৯. হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা।
১০. মেয়রের একান্ত সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা।


(মোহাম্মদ শামতুল ইসলাম)
উপসচিব